সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে জানুয়ারি-মার্চ, ২০২১ ত্রৈমাসিক সভার (২০২০-২০২১ অর্থবছরের ৩য় সভা) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক |
| তারিখ | : | ২৪ মার্চ, ২০২১ রোজ বুধবার |
| স্থান | : | মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা |
| উপস্থিতি | : | সংলগ্নী-'ক' |

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জানুয়ারি-মার্চ, ২০২১ ত্রৈমাসিকের সভা (২০২০-২০২১ অর্থ বছরের ৩য় সভা) ২৪ মার্চ, ২০২১ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর মহোদয় Video conferencing এর মাধ্যমে অংশ গ্রহণ করেন।

২.০০: সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে এ গৌরবময় মুহূর্তে যাঁদের ত্যাগের বিনিময়ে স্বাধীনতা অর্জিত হয়েছে তাঁদের স্মরণপূর্বক সভার কার্যক্রম শুরু করেন। সভায় অভিমত প্রকাশ করা হয় যে, বিগত ৫০ বছরে বাংলাদেশের অগ্রগতি ও সমৃদ্ধির যাত্রায় সোনালী ব্যাংক অন্যতম অংশীদার হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জাতিসংঘের অর্থনৈতিক এবং সামাজিক কাউন্সিল (ECOSOC) এর উন্নয়ন নীতিমালা বিষয়ক কমিটি (সিডিপি) কর্তৃক স্বল্পোন্নত দেশ বা এলডিসি থেকে উত্তরণের সুপারিশ প্রাপ্তির আন্তর্জাতিক স্বীকৃতি এ দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে এবং বাংলাদেশের এখন নতুন উচ্চতায় পৌঁছেছে। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) সভায় অবহিত করা হয় যে, কোভিড-১৯-এর কারণে ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্টাফ কলেজসহ ট্রেনিং ইনস্টিটিউটসমূহে প্রশিক্ষণ কোর্স ও কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। জানুয়ারি-মার্চ, ২০২১ ত্রৈমাসিকে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারসহ বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী যথাসময়ে এ ব্যাংকের ২০২১ সালের ক্রয়-পরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী এ ব্যাংকের উত্তম চর্চার তালিকা অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ২৭/১২/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।

৪) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত "ছড়ায় ছড়ায় শুদ্ধাচার" শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। জানুয়ারি-মার্চ, ২০২১ ত্রৈমাসিকের জন্য দৈনিক ইত্তেফাক পত্রিকায় উল্লিখিত বই হতে ৩৫নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

৫) বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ: ০৮/০৮/২০১৮, বিআরপিডি সার্কুলার নং-২৯ তারিখ:০৪/১২/২০১৯ এ বর্ণিত নির্দেশনা এবং এ ব্যাংকের শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কমিটি নির্দেশনা প্রদান করে।

৬) সম্প্রতি কোভিড-১৯ এর সংক্রমণ এবং মৃত্যুর হার বৃদ্ধি পাওয়ায় এ ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের আবশ্যকীয়ভাবে মাস্ক পরিধান নিশ্চিত করাসহ স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালনে সচেতন থাকার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।

সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

## ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২১) সভা

(স্থান: প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুম)

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আতাউর রহমান প্রধান,<br>সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর | আহ্বায়ক | |
| ২ | জনাব মোঃ আব্দুল মান্নান,<br>ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য | ২৮/৩/২০২১ |
| ৩ | জনাব মোহাম্মদ রেজওয়ান আল বখতিয়ার,<br>চিফ ইনফরমেশন টেকনোলজি অফিসার (CITO),<br>ইনফরমেশন টেকনোলজি ডিভিশন | সদস্য | 28/3/21 |
| ৪ | জনাব মোঃ সিরাজুল ইসলাম,<br>জেনারেল ম্যানেজার (ইনচার্জ),<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট | ২৮/৩/২০২১ |
| ৫ | জনাব সরদার মুজিবুর রহমান,<br>জেনারেল ম্যানেজার (ইনচার্জ),<br>ভিজিল্যান্স এন্ড কমপ্লেইন্ট ম্যানেজমেন্ট ডিভিশন | সদস্য | ২৮/০৩/২০২১ |
| ৬ | জনাব বীথি আক্তার,<br>ডেপুটি জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | ফোকাল পয়েন্টের অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | 28.03.2021 |
| ৭ | জনাব তুহিন কান্তি হালদার,<br>এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | — | 28/03/2021 |
| ৮ | জনাব মোঃ মারুফ হায়দার খান,<br>সিনিয়র প্রিন্সিপাল অফিসার,<br>হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন | — | 28-03-2021 |